

# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট


বাক্বি চত্বর, ময়মনসিংহ-২২০২

স্মারক নং- বিনা/ইনোভেশন/কার্যবিবরণী-১

তারিখঃ ২২-১১-২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ইনোভেশন সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ১৯-১১-২০১৫ খ্রিঃ তারিখে ইনোভেশন কমিটির এক জরুরী সভা ড. মোঃ মনোয়ার করিম খান, পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

  
(ড. এম. মনজুরুল আলম মন্ডল)  
পিএসও এবং  
সদস্য সচিব, ইনোভেশন কমিটি

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে)

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিনা, ময়মনসিংহ।
- ২। পরিচালক (প্রশা. ও সা. সা.) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
- ৩। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।  
(সকল বিভাগীয় প্রধান এবং উপকেন্দ্রসমূহে কপি দেয়ার জন্য অনুরোধ করা হ'ল)
- ৪। পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
- ✓৫। ইনচার্জ, ICT সেল (ওয়েব সাইটে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে)।
- ৬। সংশ্লিষ্ট নথি।

# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট

বাক্বি চত্বর, ময়মনসিংহ-২২০২


## ইনোভেশন সভার কার্য বিবরণী


ইনোভেশন কমিটির ২য় সভা অদ্য ১৯-১১-২০১৫ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ টায় ইনোভেশন কমিটির সভাপতি ড. মোঃ মনোয়ার করিম খান, পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানের ইনোভেশন কার্যক্রম সংক্রান্ত আলোচনায় নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের তালিকা, পরিশিষ্ট “ক” সংযুক্ত।

### সুপারিশ/সিদ্ধান্তসমূহ

- (১) মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে আগামী ২৩-১১-২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে বিনা প্রধান কার্যালয় এবং উপকেন্দ্রসমূহে হেল্প ডেস্ক (Help desk) স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- (২) প্রধান কার্যালয়ে হেল্প ডেস্কের ফোকাল পয়েন্ট হবেন ইনোভেশন কমিটির সদস্য-সচিব ড. এম. মনজুরুল আলম মন্ডল, পিএসও এবং ড. মন্ডলের অনুপস্থিতিতে ড. এম. এ. কাশেম, পিএসও এবং বিভাগীয় প্রধান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ অথবা তার (ড. কাশেম) মনোনীত বিজ্ঞানী ফোকাল পয়েন্টের দায়িত্ব পালন করবেন।
- (৩) অফিসের প্রধান ফটকে অথবা প্রধান করিডোরে সহজে দৃশ্যমান জায়গায় আগামী ২৫-১১-২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে হেল্প ডেস্ক নির্দেশিত সাইন বোর্ড স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- (৪) One stop Service ভিত্তিতে হেল্প ডেস্ক কাজ করবে। অর্থাৎ হেল্প ডেস্কে ভিজিটরদের সমস্যাগুলো শুনে দ্রুত সাহায্য/পরামর্শ প্রদান করবেন।
- (৫) সকল অফিস আদেশ/প্রজ্ঞাপন/নোটিশ/সেমিনার ইত্যাদি অনলাইনে দেয়ার জন্য ইনচার্জ ICT সেলকে সরবরাহ করার জন্য সুপারিশ করা হয়। অর্থাৎ সকল অফিস আদেশ/প্রজ্ঞাপন/নোটিশের বিতরণ অংশে অন্যান্য দপ্তরের পাশাপাশি ইনচার্জ, ICT সেল এর নাম সংযুক্ত করতে হবে যাতে ICT সেল আদেশ/প্রজ্ঞাপন/নোটিশগুলো পাওয়ার পর ওয়েবসাইটে প্রকাশ করতে পারে। পাশাপাশি বিনার তথ্যগুলো ওয়েবসাইটে আপডেট করার জন্য ICT সেল কে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- (৬) মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে দ্রুত সময়ের মধ্যে ৫০ কোটি টাকার নিম্নে সকল ক্রয় ই-টেন্ডারিং সিস্টেমে সম্পাদনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- (৭) মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে ই-সেবা আগামী এক সপ্তাহের মধ্যে চালুর সিদ্ধান্ত গৃহীত হয়। তবে অত্র প্রতিষ্ঠানে ই-সেবা চালুর পূর্বে অন্যান্য প্রতিষ্ঠান (BARI, BRRI, SRDI) কিভাবে ই-সেবা চালু করেছে তা সরেজমিনে দেখার/জানার জন্য ইনোভেশন কমিটির সদস্য-সচিবকে (ড. এম. মনজুরুল আলম মন্ডল, পিএসও) আগামী ২৪-১১-২০১৫ খ্রিঃ তারিখে BARI এবং BRRI ভিজিট করে সভাপতি মহোদয়ের নিকট রিপোর্ট করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সভায়কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(ড. এম. মনজুরুল আলম মন্ডল)  
পিএসও এবং  
সদস্য সচিব, ইনোভেশন কমিটি

  
(ড. মোঃ মনোয়ার করিম খান)  
পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) এবং  
সভাপতি, ইনোভেশন কমিটি

## বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট

বাকুবি চত্বর, ময়মনসিংহ-২২০২

অদ্য ১৯-১০-২০১৫ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ টায় ইনোভেশন কমিটির সভাপতি ড. মোঃ মনোয়ার করিম খান, পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নলিখিত সদস্যগণ উপস্থিত ছিলেন।

১। ড. এম. মনজুরুল আলম মন্ডল, পিএসও

২২/১০/১৫

২। ড. শরিফুল হক ভূঞা, পিএসও

২২/১০/২০১৫

৩। ড. মিজা মোফাজ্জল ইসলাম, সিএসও

২২/১০/১৫

৪। ড. মোঃ আবুল কাশেম, পিএসও

২২/১০/১৫